

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৬. সদকার খোটা দেওয়া নিষেধ:

আল্লাহ তা'আলা বলেন:

﴿ لَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تُبالطِلُواْ صَدَقِّتِكُم بِٱلاَّمَنِّ وَٱلاَّأَذَىٰ ٢٦٤ ﴾ [البقرة: 264]

"হে মুমিনগণ, তোমরা খোঁটা ও কষ্ট দেওয়ার মাধ্যমে তোমাদের সদকা বাতিল কর না"। [সূরা আল-বাকারা, আয়াত: ২৬৪]

আবু যর রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«ثلاثة لا يكلمهم الله يوم القيامة، ولا ينظر إليهم، ولا يزكيهم، ولهم عذاب أليم» قال أبو ذر: فقرأها _ أي: فكرَّرَها رسول الله صلى الله عليه وسلم ثلاث مرات، فقال أبو ذر: خابوا يا رسول الله، مَن هم؟ قال: «المُسْبِل (وهو الذي يُطِيلُ إزارَهُ عن الكَعب)، والمَنْأن، والمُنْفِق سِلْعَتَهُ بالحَلِف الكاذب».

"কিয়ামতের দিন আল্লাহ তিন ব্যক্তির সাথে কথা বলবেন না, তাদের দিকে তাকাবেন না এবং তাদেরকে পবিত্রও করবেন না, বরং তাদের জন্য থাকবে কঠিন শাস্তি। আবু যর বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথাগুলো তিনবার বললেন। আবু যর বললেন: হে আল্লাহর রাসূল, তারা ধ্বংস হয়েছে, তারা কে? তিনি বললেন: টাখনুর নিচে কাপড় পরিধানকারী, খোঁটা দাতা ও মিথ্যা কসম করে সম্পদ বিক্রয়কারী"।[1]

>

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ১০৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10157

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন